

প্রকৌশল অনুষদ
কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ
রাজশাহী বিশ্ববিদ্যালয়

বহিরাগত শিক্ষার্থীদের এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি (নিয়মিত)


রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল অনুষদের অধীনে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে শুন্য আসনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে এম.এস-সি ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি হতে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নে বর্ণিত যোগ্যতা ও শর্তপূরণ সাপেক্ষে নির্ধারিত ফর্মে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ফর্ম রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (www.ru.ac.bd) অথবা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অফিস থেকে সংগ্রহ করা যাবে।

যোগ্যতা:

০১. আবেদনকারী প্রার্থীকে যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে (জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত) CSE/CS/CST/SE/ICE/ICT বিষয়ে ন্যূনতম সিজিপিএ ৩.০০ (৪.০০ ক্ষেত্রে) পেয়ে বি.এস-সি ইঞ্জিনিয়ারিং/বি.এস-সি (সম্মান) ডিগ্রী অর্জন করতে হবে। বি.এস-সি ইঞ্জিনিয়ারিং/বি.এস-সি (সম্মান) পরীক্ষার বছর হতে সর্বোচ্চ ৩ (তিনি) বছরের শিক্ষা বিরতি থাকতে পারবে।
০২. আবেদনকারী শিক্ষার্থীর অধ্যায়নকৃত প্রোগ্রামের সাথে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের কোর্স কারিকুলাম ও ক্রেডিট সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

শর্তাবলী:

০১. এম.এস-সি ইঞ্জিনিয়ারিং কোর্স পূর্ণকালীন নিয়মিত হওয়ায় চাকুরীর প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং কোর্স চলাকালীন সময়ে পূর্ণকালীন ছুটিতে থাকতে হবে। রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজের শিক্ষার্থীদেরকে বহিরাগত ও অন্যান্য শিক্ষার্থীদের ন্যায় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
০২. যথাযথভাবে পূরণকৃত প্রাথমিক আবেদনপত্র আগামী ২২/০১/২০২৬ তারিখ বৃহস্পতিবার বিকাল ৪ ঘটিকার মধ্যে বিভাগীয় কার্যালয়ে ১,০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে পরীক্ষায় অংশ নেয়ার জন্য প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
০৩. আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট, মার্ক সার্টিফিকেট, শেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংশা পত্রের সত্যায়িত কপি এবং ২ কপি পার্সপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করে জমা দিতে হবে।
০৪. প্রার্থীকে দুই স্তরের ভর্তি পরীক্ষার (লিখিত ও মৌখিক) মাধ্যমে বাছাই করা হবে। লিখিত পরীক্ষার প্রশ্নপত্র বি.এস-সি ইঞ্জিনিয়ারিং/বি.এস-সি (সম্মান) এর কারিকুলাম অনুযায়ী হবে।
০৫. ভর্তি পরীক্ষার পূর্ণমান ১০০
 - ক. লিখিত পরীক্ষার পূর্ণ নম্বর ৭০ এবং মৌখিক পরীক্ষার পূর্ণ নম্বর ৩০
 - খ. লিখিত পরীক্ষার সময় ২ ঘন্টা
 - গ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে
 - ঘ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদেরকে ভর্তি জন্য সুপারিশ করা হবে।
০৬. প্রার্থীদেরকে ২৫ জানুয়ারী ২০২৬ তারিখ রবিবার সকাল ১০:০০টা থেকে ১২:০০টা পর্যন্ত কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং একই দিনে বিকাল ৩টা থেকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে (মৌখিক পরীক্ষার সময় সকল সার্টিফিকেট, মার্ক সার্টিফিকেট ও অন্যান্য দলিলাদির মূলকপি সাথে নিয়ে আসতে হবে এবং প্রদর্শন করতে হবে) এবং পরীক্ষা শেষে ফলাফল প্রকাশ করা হবে।
০৭. মৌখিক পরীক্ষা শেষে মেধাক্রমের ভিত্তিতে নির্ধারিত আসনে নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তির জন্য সুপারিশ করা হবে।
০৮. নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত ভর্তি ফি প্রদান পূর্বক বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে হবে।
০৯. আবেদনকারীদের নিজ নিজ বিশ্ববিদ্যালয় হতে সংগৃহীত মাইগ্রেশন সার্টিফিকেট ভর্তির সময় জমা দিতে হবে।
১০. প্রার্থী ইতিপূর্বে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে ভর্তির সময় পূর্বের ভর্তি বাতিলের সনদপত্র জমা দিতে হবে।
১১. ভর্তি সংক্রান্ত যাবতীয় বিষয়াবলী পরিবর্তন, পরিমার্জন বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা অনুষদ কর্তৃক সংরক্ষিত।


১৪-১২-২৫

(প্রফেসর ড. বিমল কুমার প্রামাণিক)

তারিখ

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে এম.এস-সি ইঞ্জিনিয়ারিং (বহিরাগত শিক্ষার্থী) ভর্তি উপ-কমিটি

প্রকৌশল অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়